**উপজেলা পরিষদ**
**উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।**
www.atpara.netrokona.gov.bd

**মে/২০২৪ মাসে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: খায়রুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| তারিখ ও সময় | : ২৭ মে ২০২৪ খ্রি. বেলা : ১১.৩০ ঘটিকা। |

**পরিশিষ্ট 'ক' : সভায় উপস্থিত সদস্যদের তালিকা**

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব এম. সাজ্জাদুল হাসান, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের এপ্রিল/২০২৪ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ০১. **প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন কোবানীর ঈদ উপজলক্ষ্যে গবাদিপশুর স্বাস্থ্য সুরক্ষার জন্য ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়েছে। উক্ত মেডিকেল টিম কোরবানীর হাটে অসুস্থ গবাদিপশুর চিকিসা এবং স্টেরয়েড পরিক্ষা করবে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা |
| ০২. **স্বাস্থ্য বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, মাঠ পর্যায়ে ইপিআই সহ কৃষি নিয়ন্ত্রণ সম্পাবহের কার্যক্রম চলমান। পহেলা জুন ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। তিনি আরো জানান যে, জাইকায় চারটি মালামালের স্পেপিফিকেশন ঠিক না থাকায় এগুলো গ্রহণ করা হয়নি। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. **কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে বোরো আবাদের লক্ষমাত্র ছিল ৫২০৬৩ মে.টন। অর্জিত হয়েছে ৫৮০৫০ মে.টন। এছাড়া ৪০০ হে. জমিতে আউশ ধান রোপনের কাজ চলছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. **স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া সভায় বলেন যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর আওতায় যাবতীয় বকেয়া বিল ২০২৪-২০২৫ অর্থবছরে পরিশোধ করা হবে। তিনি শহর উন্নয়ন প্রকল্প হতে নিম্নোক্ত প্রকল্প গুলো গ্রহণের জন্য আলোচনা করেন।<br><br>প্রকল্পের নাম / মন্তব্য<br>১. আটপাড়া উপজেলা পরিষদ সংলগ্ন বীর মুক্তিযোদ্ধা আবু শহীদ খানরে বাড়ি হইতে মঘড়া নদীর পাড়া পর্যন্ত ড্রেন নির্মাণ /<br>২. তেলিগাতী বাজারে ড্রেন নির্মাণ। /<br><br>তিনি আরো জানান যে, যায়যায়দিন পাবলিকেশন লিমেটেড এর এডিপির বিজ্ঞাপন বিল বাবদ ৫৪০০০/- (চুয়ান্ন হাজার) টাকা এবং দৈনিক বাংলার দর্পন পত্রিকার এডিপির বিজ্ঞাপন বিল বাবদ ১৩৮০০/- (তেরো হাজার আটশত) টাকার বিল প্রদানের বিষয়ে আলোচনা করেন।<br>এছাড়া তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের | ১.যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর আওতায় যাবতীয় বকেয়া বিল ২০২৪-২০২৫ অর্থবছরে পরিশোধ করা বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. শহর উন্নয়ন প্রকল্প গুলো গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের এডিপির বিজ্ঞপ্তি বিল প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>৪. উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে খন্ডকালীন সুইপার হিসবে জনাব মোস্তাক আহমেদ, পিতা-মো: আ: রহিম, মাতা-সুলতানা আক্তার, গ্রাম-কুতুবপুর, ময়মনসিংহ হাইলোড়া, নেত্রকোণা সদরকে ০১ জুন ২০২৪ হতে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বহী অফিসার আটপাড়া, নেত্রকোণা।<br>০৩. উপজেলা প্রকৌশলী আটপাড়া, নেত্রকোণা।<br>০৪. ইউনিয়ন পরিষদ চেয়াম্যান (সকল) আটপাড়া, নেত্রকোণা। |

| | | |
|---|---|---|
| অর্থে সরকার অনুমোদিত হারে দৈনিক চুক্তিতে খন্ডকালীন সুইপার জনাব মো: মাজহারুল ইসলাম বাবু, পিতা-মৃত বাবুল মিয়া, মাতা-মোছা: মদিনা বেগম, গ্রাম-পশ্চিম কাটলি, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর পরিবর্তে নতুন একজন সুইপার নিয়োগের বিষয়ে আলোচনা করেন। | হয়। | |
| ০৫. **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. **মাধ্যমিক শিক্ষা বিভাগ :** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, জেলার নির্দেশনা অনুযায়ী উপজেলার সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সংযুক্ত করে হোয়াটসঅ্যাপ গ্রুপ খোলা হয়েছে। প্রতিদিনের শিক্ষক উপস্থিতি/অনুপস্থিতি এবং ছাত্রছাত্রীদের উপস্থিতি/অনুপস্থিতির তথ্য উক্ত হোয়াটসঅ্যাপ গ্রুপের মাধ্যমে এবং গুগল লিংকের মাধ্যমে প্রধান শিক্ষকগণ প্রেরণ করেন। প্রাপ্ত তথ্য সমন্বিত করে প্রতিদিন জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়। | হোয়াটসঅ্যাপ গ্রুপ ও গুগল লিংকের মাধ্যমে প্রতিদিন শিক্ষক ও শিক্ষার্থীদের উপস্থিতি/অনুপস্থিতির তথ্য নির্দেশনা অনুযায়ী প্রতিদিন জেলা পর্যায়ে প্রেরণ করতে হবে এবং শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি করতে হবে। প্রধান শিক্ষকগণকে প্রতিদিনের উপস্থিতি/অনুপস্থিতির তথ্য প্রেরণে সক্রিয় ভূমিকা পালন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. **শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, সভায় জানা যে, অত্র উপজেলার ১০৩ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ এবং ৫ম শ্রেণির শিক্ষার্থীদেরে ১ম প্রান্তিক মূল্যায়ন ২৬.০৫.২০২৪ খ্রি. তারিখ হতে শুরু হয়েছে। সকল শিক্ষার্থী যাতে মূল্যায়নে অংশগ্রঞ্চন করে এ ব্যাপারে সকলের সহযোগিতা কামনা করেন। জানুয়ারি-জুন ২০২৪ পর্যন্ত উপবৃত্তি কার্যক্রম শুরু হবে। সকলের সহযোগীতা কামনা করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ:** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |
| ০৯. **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ৪র্থ কিস্তির ভাতার টাকা ইতোমধ্যে ভাতাভোগীদরে নগদ হিসাব নম্বরে আসতে শুরু করছে। ঈদের পূর্বেই সকলের হিসাব নম্বরে টাকা প্রেরনের কাজ চলছে। প্রতিবন্ধী ব্যক্তি হিসেবে নিবন্ধিত হওয়ার জন্য যে সকল আবেদন পাওয়া নিয়েছে তাদের যাচাই-বাছাই চলতি মাসে সম্পন্ন হয়েছে। ক্যান্সার কিডনীসহ ৬ টি জটিল রোগে রোগীদের এককালীন অনুদান হিসেবে ২১ জন রোগীর মাঝে মোট ১০ লক্ষ ৫০ হাজার টাকা বিতরণ করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. উপজেলা সমাজসেবা অফিসার, আটপাড়া, নেত্রকোণা।<br>২. চেয়ারম্যান ...........(সকল) ইউনিয়ন পরিষদ, আটপাড়া। |
| ১০. **সমবায় বিভাগ:** উপজেলা সমবায়কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, তিনটি আশ্রয়ন প্রকল্প থেকে মোট ৮১৯০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। নিরীক্ষা ফি বাবদ ৭০০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ২১০/- টাকা আদায় করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. **যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান জেলা নিয়মিত প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রমসহ বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে এবং ঋণ আদায়ে মাঠ ভিজিট বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. উপজেলা যুব উন্নয়ন অফিসার,আটপাড়া,নেত্রকোণা।<br>০২. ইউপি চেয়ারম্যান (সকল) আটপাড়া, নেত্রোকণা। |
| ১২. **বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি):** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋন বিতরণ ও আদায় কার্যক্রম অব্যহত আছে। এ বছরে মোট ৪৮ লক্ষ টাকা বিতরণ করা হয়েছে এবং ৪২ লক্ষ টাকা আদায় হয়েছে। মুক্তিযোদ্ধা প্রকল্পের ঋণ বিতরণ কর হয়েছে। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১৩. **মৎস্য বিভাগ:** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, প্রতিটি ইউনিয়নে মোট ১০ জন মৎস্য চাষীর পুকুর মাঠ পর্যায়ে | উপজেলা সকল পুকুরসহ প্রতিটি ইউনিয়নে পর্যায় ক্রমে পানি | উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| পরিদর্শন করা হয়। তীব্র তাপদাহের কারণে মাছ চাষীদের করণীয় কি তা মাইকিং করে জানানো হয়। মৎস্য অফিসে নিয়মিত মৎস্য চাষীদের পরামর্শ প্রদান দেয়া হচ্ছে। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | পরিষ্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | আটপাড়া, নেত্রকোণা |
| ১৪. মহিলা ও শিশু বিষয়ক বিভাগ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডাব্লিউবি কার্যক্রম চলমান আছে। এপ্রিল মাসের ডিও আদেশ জারী করা হয়েছে । সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য শস্য বিতরণের জন্য অনুরোধ করা হলো। মা ও শিশু সহায়তা ভাতা কার্যক্রম চলমান আছে। প্রতি ইউনিয়নে ৬ জন করে ভাতা ভোগী প্রতি মাসে উপকার ভোগী বির্বাচনের কার্যক্রম চলমান। প্রতিটি ইউনিয়ন পরিষদের কাছাকাছি প্রাথমিক বিদ্যালয়ে কিশোরকিশোরী ক্লাব চলমান আছে। প্রতিটি ক্লাবে ২০ জন ছাত্রী ও ১০ জন ছাত্র সচেতনতামূলক ও ক্যারাটে প্রশিক্ষণ গ্রহণ করা আসছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: উপ-সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের তেলাগাতী-০৫, দুওজ-০৫, লুনেশ্বর-০৫ এবং সুখারী-১৩ টি নলকূপের স্থান তালিখা পাওয়া যায়নি। ২০২৩-২০২৪ অর্থবছরের কাজ চলমান। প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য),আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. ইউজিডিপি প্রকল্প (জাইকা): প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) সভায় অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | প্রকল্প প্রতনিধি উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) |
| ১৭. বিদ্যুৎ বিভাগ: সহকারী জেনারেল ম্যানেজার সভায় বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |
| ১৮. খাদ্য বিভাগ: কর্মকর্তা জানান যে, চলতি মাসে ভিজিডির চাহিদা পেয়েছেন। খাদ্যবান্দব কর্মসূচি এপ্রিল ২০২৪ মাসের বিতরণ শেষ হয়েছে। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৯. তথ্যআপা প্রকল্প:<br>তথ্যসেবা কর্মকর্তা জানান যে, মার্চ/২০২৪ খ্রি. মাস ০৩(তিন) টি, এপ্রিল/২০২৪ মাসে ০২ (দুই) টি এবং মে/২০২৪ খ্রি. মাসে ০৩(তিন) টিসহ মোট ০৮ (আট) টি উঠান বৈঠক করা হয়েছে। তথ্যকেন্দ্রের ও মাঠ পর্যায়ের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ২০. বিবিধ আলোচনা:<br>ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (ভার:), বানিয়াজান ইউনিয়ন ভূমি অফিস, আটপাড়া, নেত্রকোণা। উপজেলা পরিষদের নিজস্ব জমির প্রাপ্য 'ভূমি উন্নয়ন কর' বাবদ বাংলা ১৪৩০ সনের সর্বমোট ১২,১২০/- (বার হাজার একশত বিশ) প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।<br>জনাব মো: ফেরদৌস মিয়া, চেয়ারম্যান বানিয়াজান ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা সভায় জানান যে, হাট-বাজার উন্নয়ন তহবিল হতে বিগত বছরগুলোর ইজারার আয়ের উপর সংশ্লিষ্ট হাট-বাজার খাতে ১৫ % এবং উপজেলা হাট-বাজার উন্নয়ন খাতে ১০% এর অর্থ দ্বারা বাজার গুলোতে প্রকল্প গ্রহণ করে কাজ করা প্রয়োজন। | (১)উপজেলা পরিষদের নিজস্ব জমির প্রাপ্য 'ভূমি উন্নয়ন কর' বাবদ বাংলা ১৪৩০ সনের সর্বমোট ১২,১২০/- (বার হাজার একশত বিশ) উপ জেলা রাজস্ব তহবিল হতে প্রদানের বিষয়ে বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) হাট-বাজার উন্নয়ন তহবিল হতে সংশ্লিষ্ট হাট-বাজার খাতে ১৫% এবং উপজেলা হাট-বাজার উন্নয়ন খাতে ১০% এর অর্থ দ্বারা বাজার গুলোতে প্রকল্প গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের রেজুলেশনে প্রকল্প গ্রহণ করে উপজেলা হাট-বাজার কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।<br>০২. উপজেলা নির্বাহী অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| | | |

<table>
<tr>
<td>(খ) উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন: উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন। (১) এডিপি (থোক) এর বিজ্ঞাপন ব্যয়। (২) ভূমি উন্নয়ন কর বিল পরিশোধ।<br>(গ) রাজস্ব তহবিল সংক্রান্ত: রাজস্ব তহবিল ০১ মে ২০২৪ থেকে ৩১ মে ২০২৪ পর্যন্ত পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৪,০০০/-</td></tr>
<tr><td>আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল</td><td>৩৫,০০০/-</td></tr>
<tr><td>মালী মে মাসের মজুরী প্রদান</td><td>১৭,০৫০/-</td></tr>
<tr><td>‘ভূমি উন্নয়ন কর’ বাবদ</td><td>১২,১২০/-</td></tr>
<tr><td>এডিপির বিজ্ঞাপন ব্যয় বিল</td><td>৬৭,৮০০/-</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>২,২৫,৯৭০/-</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিল ০১ মে ২০২৪ থেকে ৩১ মে ২০২৪ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ২,২৫,৯৭০/- (দুই লক্ষ পচিশ হাজার নয়শত সত্তর) টাকার ব্যায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৫/২৪
(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৪- ৩৬৯

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ / ২৭ মে ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ......................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ......................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ......................................................................................................

২৭/০৫/২৪
(এম. সাজ্জাদুল হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা